

শরীয়তপুরে সাড়ে ১৬ হাজার ছাত্রছাত্রী সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করেনি

শরীয়তপুর, ২৬শে ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা)। - ড্রপ আউট, অভিভাবকদের অর্থনৈতিক সংকট ও শিক্ষকদের গাফিলতির কারণে জেলার ৬টি থানার ৫শ' ১টি সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণীতে ভর্তিকৃত ৬২ হাজার ৫শ' ৭১ জন ছাত্রছাত্রীর মধ্যে গত (১৪) বছর সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করেছে ৪৬ হাজার ৬৫ জন অর্থাৎ ভর্তিকৃত মোট ছাত্রছাত্রীদের মধ্যে ১৬ হাজার ৫শ' ৬ জন, ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করেনি। এর ফলে ছাত্রছাত্রীদের যেখা যাচাই কাজ দারুণভাবে বিঘ্নিত হয়েছে এবং ২ হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষা কার্যক্রম দারুণভাবে ব্যাহত হবার আশংকা দেখা দিয়েছে।

শরীয়তপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসের এক পরিসংখ্যানে প্রাপ্ত তথ্য থেকে জানা গেছে, গত বছর শরীয়তপুরের ৫শ' ১টি সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণীতে ভর্তিকৃত ছাত্রছাত্রীর সংখ্যা ছিল ৬২ হাজার ৫শ' ৭১ এবং এই বছর সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে ৪৬ হাজার ৬৫ জন। এর মধ্যে শরীয়তপুর সদর থানার ৯৩টি প্রাথমিক বিদ্যালয়ে ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণীর ছাত্রছাত্রীর সংখ্যা ছিল ১০ হাজার ৫শ' ৮১; কিন্তু পরীক্ষায় অংশগ্রহণ করেছে ৭ হাজার ৯শ' ২৫ জন। নড়িয়া থানার ১শ' ৯টি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের সংখ্যা ছিল ১১ হাজার ৫শ' ৪৫; কিন্তু পরীক্ষায় অংশগ্রহণ করেছে ৮ হাজার ৪শ' ৯৭ জন। ভেদরগঞ্জ থানার ৯৫টি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তিকৃত ১২ হাজার ৫শ' ২০ জন ছাত্রছাত্রীর মধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করেছে ৯ হাজার ১শ' ৩৪ জন। জাজিরা থানার ৮০টি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তিকৃত ১০ হাজার ২শ' ৫৪ জন ছাত্রছাত্রীর মধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করেছে ৬ হাজার ৬শ' ৪০ জন। ডামুড়া থানার ৫৬টি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তিকৃত ৫ হাজার ৯শ' ৯১ জন ছাত্রছাত্রীর মধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করেছে মাত্র ৫ হাজার ২শ' ১৩ জন এবং গোসাইরহাট থানার ৬৮টি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তিকৃত ৭ হাজার ৪শ' ৪ জন ছাত্রছাত্রীর মধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করেছে মাত্র ৫ হাজার ৩শ' ৭২ জন।

অন্য একটি সূত্র থেকে বলা হয়েছে শরীয়তপুর জেলার ৬টি থানায় পরিচালিত

শিশু জরিপ অনুযায়ী ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণীতে পড়াশোনার উপযোগী ১৭ হাজার ৯শ' ৬৬ জন ছেলেমেয়ে এখনো বিদ্যালয়ে যাচ্ছে না। এর মধ্যে ৩য় শ্রেণীতে পড়াশোনার উপযোগী বয়সের ছেলেমেয়ের সংখ্যা ৯ হাজার ৮শ' ৩২, ৪র্থ শ্রেণীতে পড়াশোনার উপযোগী বয়সের ছেলেমেয়ের সংখ্যা ৩ হাজার ৯শ' ৯২ জন এবং ৫ম শ্রেণীতে পড়াশোনার উপযোগী বয়সের ছেলেমেয়ের সংখ্যা রয়েছে ৪ হাজার ১শ' ৪২।

শরীয়তপুরে পরিচালিত শিশু জরিপের রিপোর্ট অনুযায়ী ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণীতে পড়াশোনার উপযোগী ছেলেমেয়ের মোট সংখ্যা রয়েছে ৭৫ হাজার ৯শ' ১৭। গেল বছরের জরিপ রিপোর্ট অনুযায়ী ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণীর সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের শতকরা হার ৩য় শ্রেণীতে ৫৬ ভাগ, ৪র্থ শ্রেণীতে শতকরা ৭০ ভাগ এবং ৫ম শ্রেণীতে শতকরা ৫৭ ভাগ। এই হার অত্যন্ত উদ্বেগজনক বলে অনেকে মত প্রকাশ করেছেন এবং অবস্থার উন্নয়ন না হলে ২ হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষা কার্যক্রম ব্যাহত হবার আশংকা দেখা দেবে।